ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০২

তারিখ ঃ ০৪ জানুয়ারি, ২০২১ / ২০ পৌষ, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯ নভেম্বর, ২০১৮ তারিখের স্মারক নম্বরঃ ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ এর সূত্রে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫, তারিখঃ ০৩ ডিসেম্বর, ২০১৮ এবং ০৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের স্মারক নম্বরঃ ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-২৬৩ এর সূত্রে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২১, তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সূত্রোক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের স্মারক নম্বরঃ ৫৩.০০.০০০০.৩৩১.৩৬. ০০২.১৮.২৫০ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২।

১২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮.২৫০

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

বিষয়: **পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

সূত্র: ০১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নং: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২. ১৮-৩০৪ তারিখ: ২৯-১১-২০১৮
০২। বাংলাদেশ ব্যাংকের পত্র নং: বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০২০-৬৬৩৫ তারিখ: ২৫-০৮-২০২০
০৩। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং: ২৪.০০.০০০০.১১৯.০৫৯.১২(অংশ-৩).১২২ তারিখ: ১৬-০৬-২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৯-১১-২০১৮ তারিখে জারীকৃত ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ নং স্মারকের (কপি সংযুক্ত) অনুচ্ছেদ নং (ক) এবং (ছ) সরকার নিম্নরূপে পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) পাটখাতের প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে ব্যাংক ঋণের সুদ/মুনাফা ও আবশ্যকীয় ক্ষেত্রে আসল বা এর অংশ বিশেষ **(৩০-০৬-২০২০খ্রিঃ তারিখ ভিত্তিক)** Block Account এ স্থানান্তরপূর্বক ২(দুই) বছরের মরাটরিয়াম সুবিধাসহ ১০(দশ) বছরে পরিশোধের সুবিধা প্রদান করতে হবে; তবে উপরোক্ত স্মারকের আওতায় ব্লক সুবিধা প্রদানোত্তর বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পুনরায় ব্লক সুবিধা প্রদান করা হলে সেক্ষেত্রে মরাটরিয়াম সুবিধা হবে সর্বোচ্চ ১(এক) বছর।

(ছ) জাতীয় অর্থনীতিতে পাট খাতের অবদান বিবেচনায় রেখে পাটখাতের ঋণগ্রহীতাদের ঋণ হিসাবের জন্য ব্লক সুবিধা প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ২% ডাউন পেমেন্ট আদায় নিশ্চিত করতে হবে।

১৭-১২-২০২০
কামরুল হক মারুফ
উপসচিব
ফোন: ৯৫৯২৪৫০
ফ্যাক্স: ৯৫১৩৫০০
ইমেইল: niti@fid.gov.bd

গভর্নর, বাংলাদেশ ব্যাংক

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮.২৫০/১(৬)

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
২) চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট, প্রধান ভবন (৫ম তলা), ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, আদমজী কোর্ট, এনেক্স-১, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪) চেয়ারম্যান,বাংলাদেশ জুট এসোসিয়েশন, বিজিএ ভবন, ৭৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স এ্যাসোসিয়েশন, ৫৫/এ পুরানা পল্টন, ৪র্থ তলা, ঢাকা
৬) ব্যক্তিগত কর্মকর্তা, সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

১৭-১২-২০২০
কামরুল হক মারুফ
উপসচিব